

দৈনিক ইত্তেফাক

কলিকাতার বাংলাদেশ
তথ্য কেন্দ্র

কলিকাতার বাংলাদেশ তথ্য-কেন্দ্র বিদেশে বাংলাদেশের অন্যতম বৃহৎ গ্রন্থাগার। কলিকাতায় ব্যাপক সংখ্যক বাংলাভাষী পাঠক, গবেষক থাকার কারণে এই তথ্যকেন্দ্রটি বিশেষ গুরুত্বপূর্ণ। কলিকাতার এই তথ্যকেন্দ্রটি সম্বন্ধে বিগত বিশ বৎসরে দৈনিক ইত্তেফাকে বেশ কয়েকবার পত্র লিখিয়াছি। বর্তমানে উহা পূর্বাপেক্ষা অনেক উন্নতমানের হইলেও এখনও এই তথ্যকেন্দ্রে বাংলাদেশের দৈনিক ও সাময়িকপত্র-সমূহের প্রাপ্যতা অপ্রতুল। উত্তরবঙ্গ-সহ ভারতের বিভিন্ন স্থান হইতে পাঠকগণ বাংলাদেশের পুস্তক-পত্রিকা-দি পড়িতে এবং নানাবিধ গবেষণার জন্য এখানে আসিয়া থাকেন। দূরবর্তী পাঠক, গবেষকদের সুবিধার্থে অর্থ গচ্ছিত রাখিয়া বা কার্ড ব্যবস্থা চালু করিয়া বই দেওয়ার ব্যবস্থা করা উচিত। কেননা বর্তমান নিয়মে ইচ্ছুক প্রতিটি পাঠক এই সুবিধা পান না। সেই সাথে আরও অধিক সংখ্যক পত্র-পত্রিকা রাখার ব্যবস্থা করা হউক। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট এই সকল বিষয়ে যথাযথ ব্যবস্থা লইবার জন্য অনুরোধ করিতেছি।

—দীপালোক বন্দ্যোপাধ্যায়, পোঃ
চুপী, জেলা-বর্ধমান, পিন ৭১৩৫১৩,
পশ্চিমবঙ্গ, ভারত।